66

দৈনিক ইনকিলাব

তারিখ ... 22 MAR 1998 ...
পৃষ্ঠা ৮ কলাম ... ৬ ...

# কালকিনিতে গৃহ ও আসবাবপত্রের অভাবে ১৩টি প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

মাদারীপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ জেলার কালকিনি থানার ১৩টি বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে নানা সমস্যার কারণে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। নানা সমস্যার মধ্যে আসবাবপত্র সংকট ও বিদ্যালয় ভবনের জরাজীর্ণ অবস্থা বেশী পরিলক্ষিত। বিদ্যালয়গুলো হচ্ছে- হাকিমুন্নেছা, লামচরি, সাদীপুর, পশ্চিম মাইজপাড়া, উত্তর শশিকর, গোপালপুর, দাদপুর, রায়পুর, বাটবালী, পশ্চিম শক্কির, বাগমারা, আড়ুয়াকান্দি ও উত্তর বাশগাড়ী নতুন চর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়। কালকিনি থানা শিক্ষা কমিটি এসব বিদ্যালয়ের বিভিন্ন সমস্যার কথা উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে অবহিত করলে সংশ্লিষ্ট বিভাগ বিষয়টি বিবেচনায় আনলেও এ পর্যন্ত কোন পদক্ষেপ নেয়নি। তাই শিক্ষা কমিটি ও বিদ্যালয়ের ভুক্তভোগীরা প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ আশু ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের উর্ধ্বতন মহলের কাছে জোর দাবী জানায়।